DEC. 31 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৬ ....

# জাতীয় বিশ্ববিদ্যালয় বিগত সরকারের দুর্নীতির শ্বেতপত্র প্রকাশ করবে

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিগত আ'লীগ সরকারের আমলের দুর্নীতি, অনিয়ম ও স্বজনপ্রীতির শ্বেতপত্র প্রকাশ করবে বলে জানিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরকারের এই সিদ্ধান্তের সাথে ঐকমত্য পোষণ করে তাদের প্রতিষ্ঠানে বিগত সরকারের সময়কালীন দুর্নীতি, স্বজনপ্রীতি, অর্থআত্মসাৎসহ বহুবিধ অপকর্মের শ্বেতপত্র প্রকাশ করবে বলে সিদ্ধান্ত নিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি ড. খলিলুর রহমান সম্প্রতি ইনকিলাব শিক্ষাঙ্গনের সাথে আলাপকালে এ তথ্য জানান। তিনি বলেন, ইতোমধ্যে বিগত সরকারের আমলের সংঘটিত দুর্নীতিগুলো খতিয়ে দেখা হচ্ছে।

উল্লেখ্য, বিগত সরকারের সময় জাতীয় বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণরূপে দলীয় করণ করাসহ অযোগ্য ও একাধিক থার্ড ক্লাসপ্রাপ্ত ভিসি নিয়োগ, ছাত্রলীগের ক্যাডার হাতকাটা রতন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ধর্ষক ও ছাত্রলীগ ক্যাডার নাসিরসহ প্রায় ৫শ' ছাত্রলীগ নেতা-কর্মীকে নিয়োগ দেয়া হয়। যাদের মধ্যে একটি বিশাল সংখ্যা একটি বিশেষ সম্প্রদায়ের লোক। এছাড়াও রাতে ভিসিকে আটকে রেখে শত শত কর্মকর্তার নিয়োগ, প্রমোশনসহ কোটি কোটি টাকা লুটপাট করা হয় বলে অভিযোগ রয়েছে। দুর্নীতি দমন ব্যুরো ইতোমধ্যে এসব দুর্নীতির তদন্তে কাজ শুরু করেছে বলেও জানা গেছে।

□ মেহেদী হাসান পলাশ